

## বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউট

সাভার, ঢাকা।

নং-বিএলআরআই/ইনোভেশন-১/২০১৬/ ৩৪৯

তারিখ: ৩০/১১/২০১৬ খ্রি

### গত ১৭/১১/২০১৬ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ১৭ নভেম্বর, ২০১৬ খ্রি, তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিতে পুনর্গঠিত বিএলআরআই ইনোভেশন টিমের প্রথম মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই বিএলআরআই এর ২০১৬ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী চলমান ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত/সুপারিশ সমূহ গৃহীত হয়।

#### সিদ্ধান্ত/সুপারিশঃ

০১। দাপ্তরিক ই-মেইল এর ব্যবহার বাধ্যতামূলক করার লক্ষ্যে অফিসিয়াল চিঠিপত্র ই-মেইলে প্রেরণের কার্যক্রম শুরু করা প্রয়োজন। যেসব কর্মকর্তা/কর্মচারীগণ এখন পর্যন্ত দাপ্তরিক ই-মেইল গ্রহণ করেননি তাদের অতিসত্ত্ব ই-মেইল খোলার বিষয়ে প্রশাসনিক দপ্তর হতে সময়সীমা নির্ধারণ করে চিঠি প্রেরণ করা প্রয়োজন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সংস্থা/বিভাগের ইনোভেশন কমিটির কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে এক বা একাধিক মেন্টর নিয়োগের সুপারিশ করা হয়। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় সিদ্ধান্ত প্রদান করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আগামী ডিসেম্বর ২০১৬ এর মধ্যেই বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৬ এর বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন এবং ২০১৭ সালের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. নাসরিন সুলতান)

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

#### অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।  
২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।  
৩। ড. ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।  
৪। ড. মোঃ আব্দুস সামাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।  
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।  
৬। অফিস নথি।